# 337756 - যে ব্যক্তি কনডম ব্যবহার করে রমযানরে দনিরে বলোয় স্ত্রী সহবাস করছে

প্রশ্ন

যে ব্যক্তি কনডম ব্যবহার করে রমযানরে দনিরে বলোয় স্ত্রী সহবাস করছে তার হুকুম কী? সে তার স্ত্রীকে জনকৈ তালবিুল ইলমরে ফতোয়া শুনয়িছে যে, কনডমরে কারণে খতনার স্থানদ্বয় একটি অপরটকিে স্পর্শ করে না বধিায় সহবাস বাস্তবায়তি হয় না। তাই স্ত্রী তার স্বামীর ডাকে সাড়া দয়িছে।

প্রয়িউত্তর

আলহামদু লল্লিাহ।.

এক:

রোযাদাররে জন্য রমযানরে দনিরে বলোয় স্ত্রী সহবাস করা হারাম। যহেতেু আল্লাহ্‌তাআলা বলনে: "রোযার রাতে তোমাদরে জন্য স্ত্রীসম্ভোগ বধৈ করা হয়ছে। তারা তোমাদরে পরচ্ছিদ, তোমরাও তাদরে পরচ্ছিদ। আল্লাহ্‌জাননে যে, তোমরা ইতপূির্বে অন্যায় করে নজিদেরে ক্ষতি করছলিে। পরে তনিি তোমাদরে প্রতি সদয় হয়ছেনে এবং তোমাদরেকে ক্ষমা করে দয়িছেনে। এখন তোমরা তোমাদরে স্ত্রীদরে সংস্পর্শে যতেে পার এবং আল্লাহ্‌তোমাদরে জন্য যা বরাদ্দ করে রখেছেনে *(অর্থাৎ সন্তান-সন্ততি)* তা কামনা করতে পার। আর কালো রখো থকেে প্রভাতরে সাদা রখো স্পষ্ট  না হওয়া পর্যন্ত *(অর্থাৎ রাতরে অন্ধকার চলে গয়িে ভোররে আলো উদ্ভাসতি না হওয়া পর্যন্ত)* তোমরা পানাহার কর। তারপর *(পরবর্তী)* রাত আসা পর্যন্ত রোযা পূর্ণ কর।"[সূরা বাক্বারা, আয়াত: ১৮৭]

হাদসিে কুদসীতে আল্লাহ্‌তাআলা বলনে: 'আমার কারণে সে পানাহার ও যৌন-কামনা বর্জন করে। রোযা আমারই জন্য। আমি এর প্রতদিান দবি। একটি নকেীকে দশগুণ হসিবে।'[সহহি বুখারী (১৮৯৪)]

যে ব্যক্তি কনডম ব্যবহার করে সহবাস করছে সে তো নজিরে যৌন-কামনাকে পূর্ণ করছে; এতে কোন সন্দহে নাই।

এই কনডম ব্যবহার করে সহবাস করলওে এর কারণে সকল বধিান আরোপতি হয়; যমেন গোসল ফরয হওয়া, রোযা নষ্ট হওয়া, হজ্জ নষ্ট হওয়া যদি প্রথম হালালরে আগে করে থাকে, হায়যে অবস্থায় এটা করা হারাম হওয়া এবং এর মাধ্যমে তালাকপ্রাপ্তা স্ত্রীকে ফরিয়িে আনা ইত্যাদি।

ইমাম নববী (রহঃ) "আর-রওজা' গ্রন্থে (১/৮২) বলনে:

“যদি কেউ তার পুরুষাঙ্গের উপর একটি ন্যাকড়া বেঁধে নিয়ে এটিকে প্রবেশ করায় তাহলে সঠিক মতানুযায়ী গোসল ফরয হবে। দ্বিতীয় মতানুযায়ী ফরয হবে না। তৃতীয় মতানুযায়ী যদি ন্যাকড়াটি মোটা হয় এবং যোনির আর্দ্রতা পুরুষাঙ্গে পৌঁছতে এবং একটি অঙ্গের উষ্ণতা অপরটিতে পৌঁছতে বাধা দেয় তাহলে গোসল ফরয হবে না; অন্যথায় ফরয হবে।

আমি বলব: আল-বাহর এর গ্রন্থাকার বলেছেন: হজ্জ নষ্ট হওয়ার ক্ষেত্রেও এই অভিমতগুলো প্রযোজ্য। সব বিধিবিধানের ক্ষেত্রে প্রযোজ্য হওয়া বাঞ্ছনীয়।”[সমাপ্ত]

তুহফাতুল মুহতাজ গ্রন্থে (৩/৩৯৭) বলেন: “আলেমদের ইজমা হচ্ছে: সহবাস থেকে বিরত থাকা। অতএব সহবাসের মাধ্যমে রোযা ভেঙ্গে যাবে; এমনকি যদি বীর্যপাত না করে তবুও।”

শারওয়ানি পূর্বোক্ত গ্রন্থের পাদটীকাতে বলেন: “রোযা ভেঙ্গে যাবে” এমনকি যদি সেটা কোন আচ্ছাদন ব্যবহার করে হয় তবুও। এটাই বাহ্যিক মর্ম।[সমাপ্ত]

কাশ্শাফুল ক্বিনা গ্রন্থে (১/২০১) হায়েযবতী নারীর সাথে সহবাস করা হারাম হওয়া প্রসঙ্গে বলেছেন: “এমনকি যদি পুরুষাঙ্গের উপর কোন আচ্ছাদন বেঁধে কিংবা পুরুষাঙ্গকে থলিতে ঢুকিয়ে সহবাস করা হয় তবুও।”[সমাপ্ত]

প্রশ্নোক্ত ফতোয়াদানকারী ভুল ফতোয়া দিয়েছেন। যে ফতোয়া রোযার ভিতকেই ধ্বংস করে দেয়। যদি কোন বুদ্ধিমান ব্যক্তি বিষয়টি একটু ভেবে দেখেন তাহলে এই ফতোয়ার কদর্যতা তার কাছে পরিস্কারভাবে ফুটে উঠবে। যদি কোন ব্যক্তি পানাহার থেকে বিরত থেকে প্রতিদিন আচ্ছাদন ব্যবহার করে স্ত্রী সহবাস করতে থাকে; তাহলে এটা কোন ধরণের রোযা?!

হতে পারে সে এমন কোন ব্যক্তির ফান্দে পড়বে যে তাকে বলবে যে: বীর্যপাত করা রোযা ভঙ্গকারী নয়। তখন সহবাস ঘটবে, বীর্যপাতও ঘটবে এরপরও বলবে: আমি রোযাদার!

এটি তামাশা; গোটা শরিয়ত এর থেকে পবিত্র।

এই বক্তব্যের ভিত্তিতে কেউ যদি কোন বেগানা নারীর সাথে সহবাস করে বলে যে, সে ব্যভিচার করেনি। কেননা সহবাস সংঘটিত হয়নি। তখন এই মুফতি তাকে কী বলবে?!

তাই অঙ্গটি ঢুকানো সম্পন্ন হওয়ার পরও আচ্ছাদন থাকার কারণে যে ব্যক্তি এটাকে সহবাস বলবে না তার কথার প্রতি ভ্রুক্ষেপ করার সুযোগ নাই। এমনকি যদি এমন কথা কোন ফকীহ বলে থাকেন তার প্রতিও। বিশেষতঃ এই পাতলা আচ্ছাদনগুলো স্বাদ লাভে কোন প্রতিবন্ধকতা তৈরী করে না। এই আচ্ছানদগুলো পুরুষাঙ্গের উপর ন্যাকড়া বাঁধার মত নয়; যেমনটি ফিকাহবিদগণ কল্পিত রূপ পেশ করেছিলেন।

**দুই:**

ফতোয়া কবেলমাত্র ফতোয়া দয়োর উপযুক্ত ব্যক্তদিরে কাছ থকেইে গ্রহণ করতে হয়। তাই যে ব্যক্ত িপ্রশ্নোক্ত গুনাতে লপ্তি হয়ছেে তার করণীয় নম্নিরূপ:

১। এই হারাম কাজে লপ্তি হওয়ার কারণে আল্লাহ্র কাছে তাওবা করা।

২। সহবাসরে মাধ্যমে যে রোযাট িনষ্ট করছেে সটে িকাযা পালন করা।

৩। কাফ্ফারা পরশিোধ করা। আর তা হল: একজন দাস আযাদ করা। যদ িদাস না পায় তাহলে লাগাতরভাবে দুইমাস রোযা রাখা। যদ িতা না পারে তাহলে ষাটজন মসিকীনকে খাদ্য খাওয়ানো।

সহবাস করে সে বীর্যপাত করুক কংিবা না করুন।

'আল-মাওসুআ আল-ফকিহয়্যিা'-তে (৩৫/৫৫) এসছে: "যে ব্যক্ত িরমযান মাসরে দনিরে বলোয় কোন ওজর ছাড়া ইচ্ছাকৃতভাবে যৌনাঙ্গে সঙ্গম করছেে তার উপর কাফ্ফারা ওয়াজবি হওয়ার ব্যাপারে ফকিাহবদিদরে মাঝে কোন মতভদে নাই; চাই সে ব্যক্ত িবীর্যপাত করুক কংিবা না করুক।"[সমাপ্ত]

আল্লাহ্ই সর্বজ্ঞ।